



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



## প্রেস রিলিজ

### বিশ্ব দরবারে বাংলাদেশকে পরিচিত করেছেন বঙ্গবন্ধু

-বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবসের আলোচনায় অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল্লাহ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ ডিসেম্বর ২০২০।

বঙ্গবন্ধু বিশ্ব দরবারে বাংলাদেশকে পরিচিত করেছেন। বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা স্বাধীনতা পেয়েছি। তিনি সদ্য স্বাধীনতা প্রাপ্ত যুদ্ধবিধ্বস্ত একটি দেশকে পুনঃগঠন করেছেন মাত্র সাড়ে তিন বছরে। তিনি দেশের শিক্ষা, চিকিৎসা, অর্থনীতি, সংস্কৃতি, ধর্মীয় মূল্যবোধসহ প্রতিটি ক্ষেত্রে একটি সুস্পষ্ট দিক নির্দেশনা দিয়ে গেছেন। যারই ধারাবাহিকতায় আজ বাংলাদেশকে বিশ্ব দরবারে উন্নয়নের রোল মডেলে পরিণত করেছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় আয়োজিত ভার্চুয়াল আলোচনা সভায় এ কথাগুলো বলেন সভার প্রধান অতিথি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের সাবেক ডিন, ইউজিসি অধ্যাপক ও মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল্লাহ। এর আগে মহান বিজয় দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন সকাল ৯.৩০ টায় বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। উপাচার্য মহোদয়ের শ্রদ্ধা নিবেদন শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল ও বীর মুক্তিযোদ্ধা সন্তানদের সংগঠন উত্তরাধিকার পুষ্পার্ঘ্য অর্পণে অংশ নেয়। দিবসটি উপলক্ষে সকাল ১০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে এক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বীর মুক্তিযোদ্ধা এবং ১৫ আগস্টে বঙ্গবন্ধু পরিবারের শাহাদাৎ বরণকারী সদস্য ও বরিশালের কৃতি সন্তান শহীদ আব্দুর রব সেরনিয়াবাতসহ তাঁর পরিবারের শাহাদাৎ বরণকারী সদস্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, অনেক ত্যাগের বিনিময়ে এ দেশটি স্বাধীন হয়েছে। তাই আজকে যারা তরুন প্রজন্ম রয়েছে তাদের অনেক দায় রয়েছে। উপাচার্য মহোদয় বলেন, যারা লাল সবুজের পতাকা এনে দিয়েছেন তাদেরকে অবমাননা করা চলবে না, ভুলে গেলে চলবেনা। মহান বিজয় দিবসে তরুন প্রজন্মের কাছে তিনি আহবান রেখে বলেন, প্রতিটি মানুষ উন্নত হওয়ার জন্য নিজেকে তৈরি করে সামনের দিকে তাকিয়ে। আর আমাদের সামনে গর্বের রোল মডেল হিসেবে রয়েছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আর উন্নয়ন নেতৃত্বের রোল মডেল হিসেবে রয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। আমাদের তরুন প্রজন্ম যদি এই রোল মডেলকে সামনে রেখে এগিয়ে যায় তাহলেই বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে। বরিশাল বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সঞ্চালনায় সভায় আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, প্রাণ রসায়ন ও জীব প্রযুক্তি বিভাগের চেয়ারম্যান ড. রেহানা পারভীন এবং অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম সেরনিয়াবাত। আলোচনা সভা শেষে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২০ উপলক্ষে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের নাম ঘোষণা করেন প্রতিযোগিতা আয়োজক কমিটির আহবায়ক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস